

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১৬টি প্রতিষ্ঠানকে ২.৭৫ লক্ষ টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে গত ১৭ জুন ২০১৬ তারিখে ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আতিয়া সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর বাড্ডা ও গুলশান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে তৃপ্তি হোটেল ও পানসী হোটেল এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে গুলশান সুপার সপকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৫৫,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর বনানী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ঘরোয়া হোটেল এন্ড রেস্টুরেন্ট ও খাবার দাবার রেস্টুরেন্টকে যথাক্রমে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর শাহজাহানপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে বিসমিল্লাহ বিরিয়ানী এন্ড কাবাব হাউস ও খোকন আহমেদ স্টোরকে যথাক্রমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ৩৩,০০০/- (তেত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর খিলগাঁও এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বৈশাখী রেস্টুরেন্টকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর দক্ষিণ খান ও এয়ারপোর্ট এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে নিউ পারভীন স্টোর, ইউএমসি-২ বাংলা খাবার, ওয়ান্ডার ইন রেস্টুরেন্ট ও এয়ারপোর্ট রেস্টুরেন্টকে যথাক্রমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বিসমিল্লাহ গোস্ট বিতানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়াও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে স্বপ্ন সুপার সপকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করার অপরাধে সাহাবুল্লাহ স্টোর ও বুন্মনের স্টোরকে ১,০০০/- (এক হাজার) টাকা করে ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৬টি বাজার তদারকিতে ১৬টি প্রতিষ্ঠানকে মোট ২,৭৫,০০০/- (দুই লক্ষ পচাত্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।